



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.২০.০০১.২০- ৩৫০৮/১৫

তারিখ: ২৫-০৩-২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ২০২২-২৩ অর্থবছরের তফসিলী সম্প্রদায়সমূহের উপবৃত্তি এবং পেশামূলক উপবৃত্তির জন্য মনোনীত নিয়মিত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে MIS-এ তথ্য এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ২০২২-২৩ অর্থবছরের তফসিলী সম্প্রদায়সমূহের উপবৃত্তি এবং পেশামূলক উপবৃত্তির জন্য মনোনীত নিয়মিত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে MIS-এ তথ্য এন্ট্রিকরণের জন্য আগামী ১০ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে MIS-এ এন্ট্রি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, তফসিলী উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ও উপ-পরিচালকের কার্যালয় থেকে তাদের User ID ও Password ব্যবহার করে এন্ট্রি করতে হবে। শিক্ষার্থীর নিজ শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোন User ID থেকে তফসিলী সম্প্রদায়ের উপবৃত্তির তথ্য এন্ট্রি করলে SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের MIS Software-এ Match করে না বিধায় বর্ণিত শিক্ষার্থীরা উপবৃত্তির অর্থ পাবে না।

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
- ০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলীভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০৩। যৌথ নামে ব্যাংক হিসাব/কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
- ০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- ০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৭। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৮। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
- ০৯। বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরনের কোন একেজট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
- ১০। একটি পরীক্ষার বিপরীতে একজন শিক্ষার্থীর একাধিক এন্ট্রি (Multiple Entry) করা যাবে না। Multiple Entry থাকলে সঠিক এন্ট্রি রেখে অবশিষ্ট এন্ট্রি নিষ্ক্রিয় (Deactivate) করতে হবে;
- ১১। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন কর্মকর্তা/শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);
- ১২। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
- ১৩। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা: ১০ এপ্রিল, ২০২৩ পর্যন্ত।

তথ্য পূরণ/সংশোধন এর জন্য লিংক নিম্নরূপ:

- DSHE Scholarship MIS এর URL (লিংক): scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login

২৪.৩.২০২৩
প্রফেসর মোঃ শাহেদুল খবির (চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯

- ১। পরিচালক/উপপরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। অধ্যক্ষ, সরকারি/শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রোগ্রাম এন্ট্রিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৩. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
০৫. উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[“মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত ২০২২-২৩ অর্থবছরের তফসিলী সম্প্রদায়সমূহের উপবৃত্তি এবং পেশামূলক উপবৃত্তির জন্য মনোনীত নিয়মিত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণের লক্ষ্যে MIS-এ তথ্য এন্ট্রিকরণ।”-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কলে প্রকাশের অনুরোধসহ]
০৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
০৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
১১. পিএ টি মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি।